

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৭০০

১/ বিবিধ

আরবী

أیما ناشئ نشأ فی طلب العلم والعبادة حتى یکبر وهو علی ذلك أعطاه الله یوم القيامة
ثواب اثنين وسبعین صدیقا
ضعیف جدا

رواه تمام (29 / 112 / 1 رقم 2428) وابن عبد البر فی " جامع العلم " (1 / 82) من
طریق یوسف بن عطیة قال: أخبرنا مرزوق - وهو أبو عبد الله الحمصی - عن
مکحول عن أبي أمامة مرفوعا. قلت: وهذا إسناد ضعيف جدا، من أجل یوسف بن
عطیة وهو الصفار البصری قال البخاری: " منکر الحدیث ". وقال النسائي والدولابي:
" متروک ". ومن طریقہ رواه الطبرانی فی " الكبير " كما فی " المجمع " (1 / 125) ثم
قال: " وهو متروک الحدیث

ونقل المناوي فی " فیض القدير " عن " میزان الذهبی " أنه قال: " هذا منکر جدا ".
قلت: وهذا صواب ولكن لم أره فی ترجمة یوسف بن عطیة من " میزان " فلینظر

বাংলা

৭০০। যে কোন ব্যক্তি ছোট হতে বড় হওয়া পর্যন্ত জ্ঞান অন্বেষণ ও ইবাদাতের মধ্যে গড়ে উঠলে এবং তার সে
অবস্থা অব্যাহত থাকলে, আল্লাহ তাকে কিয়ামতের দিন বাহান্তর জন সত্যবাদীর সাওয়াব দান করবেন।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি তাম্মাম (২৯/১১২/১ নং ২৪২৮) এবং ইবনু আব্দিল বার "জামেউল ইলম" (১/৮২) গ্রন্থে ইউসুফ ইবনু

আতিয়া সূত্রে মারযুক (আবু আবদিব্লাহ আল-হিমসী) হতে তিনি মাকছল হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ ইউসুফ ইবনু আতিয়ার কারণে এ সনদটি খুবই দুর্বল। তিনি হচ্ছেন সাফফার আল-বাসরী। তার সম্পর্কে ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। নাসাই ও দুলাবী বলেনঃ তিনি মাতরুফ।

তার সূত্রেই তাবরানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে বর্ণনা করেছেন। যেমনটি "আল-মাজমা" (১/১২৫) গ্রন্থে এসেছে। অতঃপর তিনি বলেছেনঃ তিনি মাতরুকুল হাদীছ। মানবী "ফায়যুল কাদীর" গ্রন্থে যাহাবীর “আল-মীযান” গ্রন্থের উদ্ধৃতিতে বলেনঃ তিনি বলেছেনঃ এ হাদীছটি নিতান্তই মুনকার।

আমি (আলবানী) বলছিঃ এ কথাটি সত্য। কিন্তু আমি "আল-মীযান" গ্রন্থে ইউসুফ ইবনু আতিয়ার জীবনীতে হাদীছটি পাচ্ছি না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71579>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন